"শিল্পে প্রাকৃতিক গ্যাস
গৃহস্থালীতে বিকল্প জ্বালানী"

"বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার"

BAPEX বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ
BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LIMITED
(A Company of Petrobangla)

স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০১২.২৭.০০১.২৪/৫৪১

তারিখ: ০৯ জানুয়ারি ২০২৪

বিষয়: চূড়ান্ত শাস্তির আদেশ।

যেহেতু, আপনি জনাব আবু সালেহ মোঃ জাফর, ব্যবস্থাপক (প্রশাসন), পরিচিতি নম্বর: ০৬৪৪, প্রশাসন বিভাগ, বাপেক্স, ঢাকা প্রশাসন বিভাগের অফিস আদেশ সূত্র নং: ১১৪.১৯.৭৯/৩৭, তারিখ : ০৮ আগস্ট ২০২২ এর অনুমোদনক্রমে ০৪-০৮-২০২২ তারিখ হতে ০২-০৯-২০২২ তারিখ পর্যন্ত মোট ৩০ (ত্রিশ) দিন অর্জিত ছুটি ভোগ শেষে কাজে যোগদান না করে ০৩-০৯-২০২২ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিতি রয়েছেন;

২। এবং যেহেতু, প্রশাসন বিভাগের পত্র সূত্র নম্বর: ১১৪.১৯.৭৯/৪৪, তারিখ: ২৬ সেপ্টেম্বর ২০২২, পত্র সূত্র নম্বর: ১১৪.১৯.৭৯/৪৭, তারিখ: ২৩ অক্টোবর ২০২২ এবং পত্র সূত্র নং: ১১৪.১৯.৭৯/০২, তারিখ: ০৯ জানুয়ারি ২০২৩ এর মাধ্যমে অবিলম্বে কর্মস্থলে যোগদান করার নির্দেশনা প্রদান করে ০৩ (তিন) বার পত্র প্রেরণ করা সত্ত্বেও আপনি কর্মস্থলে যোগদান করেননি;

৩। এবং যেহেতু, অর্জিত ছুটি ভোগ শেষে গত ০৩-০৯-২০২২ তারিখে কর্মস্থলে যোগদানের নিয়ম থাকলেও আপনি অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি এবং ছুটি বৃদ্ধির জন্যও কোন আবেদন করেননি বা বাপেক্স কর্তৃপক্ষের সাথে কোনরুপ যোগাযোগও করেননি এবং কর্মস্থলে যোগদান করার জন্য নির্দেশনা প্রদান করে ০৩ (তিন) বার পত্র প্রেরণ করা হলেও আপনি তা প্রতিপালন করেননি;

৪। এবং যেহেতু, প্রশাসন বিভাগের পত্র সূত্র নং: ২৮.০৯.০০০০.০১২.২৭.০০১.২৩ (অংশ)/১৫৩, তারিখ: ০৩-০৫-২০২৩ এর মাধ্যমে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিতি থাকার কারণে আপনাকে বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এর কর্মচারী-চাকরি প্রবিধানমালা-২০০২ (সংশোধিত-২০২১) এর প্রবিধান ৩৮ (ক)(খ) (গ) ধারায় 'দায়িত্ব পালনে অবহেলা', 'অসদাচরণ' ও 'পলায়নের' দায়ে অভিযুক্ত করে অভিযোগনামা প্রদান করে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়। কিন্তু, আপনি উক্ত অভিযোগনামার কোনরুপ জবাব দাখিল করেননি;

৫। এবং যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে আপনার বক্তব্য প্রদানের জন্য ব্যক্তিগত শুনানীর সুযোগ প্রদান করা হলেও, আপনি ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করে আত্মপক্ষ সমর্থন করেননি;

৬। এবং যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য গঠিত কমিটি আপনাকে তদন্ত কমিটির সম্মুখে হাজির হয়ে আপনার আপনার বক্তব্য প্রদানের জন্য পত্র প্রেরণ করলেও আপনি তদন্ত কমিটির সম্মুখে হাজির হননি;

০৭। এবং যেহেতু, গঠিত তদন্ত কমিটি আপনার বিরুদ্ধে বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এর কর্মচারী-চাকরি প্রবিধানমালা-২০০২ (সংশোধিত-২০২১) এর প্রবিধান ৩৮ (ক)(খ) (গ) ধারায় 'দায়িত্ব পালনে অবহেলা', 'অসদাচরণ' ও 'পলায়নের' দায়ে আনীত অভিযোগে আপনাকে দোষী সাব্যস্ত করেছে;

০৮। এবং যেহেতু, প্রশাসন বিভাগের পত্র স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০১২.২৭.০০১.২১(অংশ)/৩৪৮, তারিখ: ১৯ সেপ্টেম্বর ২০২৩ মূলে কেন আপনাকে চাকরি হতে চূড়ান্তভাবে বরখাস্ত করা হবে না এবং আপনার নিকট কোম্পানির পাওনা আদায়ের জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে না সে বিষয়ে নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে লিখিতভাবে জবাব প্রদানের নির্দেশনা প্রদান করে প্রস্তাবিত শাস্তির আদেশ জারি করা হয়;

০৯। এবং যেহেতু, আপনি কিছুদিনের মধ্যে কাজে যোগদান করবেন মর্মে উল্লেখ করে গত ১৬-১০-২০২৩ তারিখে ই-মেইলের মাধ্যমে মহাব্যবস্থাপক (প্রশাসন) বরাবর একটি আবেদন করলেও অদ্যাবধি কাজে যোগদান করেন নাই;

চলমান পাতা-২

১০। এক্ষণে সেহেতু, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এর কর্মচারী-চাকরি প্রবিধানমালা-২০০২ (সংশোধিত-২০২১) এর প্রবিধান প্রবিধান ৩৮ (ক)(খ) ও (গ) অনুযায়ী আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত বলে গণ্য করে আপনাকে দোষী সাব্যস্তকরতঃ একই প্রবিধানমালার প্রবিধান ৩৯ (১)(খ)(ঈ) অনুযায়ী আপনাকে চাকরি হতে চূড়ান্তভাবে বরখাস্ত করা হলো। উক্ত বরখাস্তের আদেশ গত ০৩-০৯-২০২২ তারিখ হতে কার্যকর হবে।

আপনার নিকট কোম্পানির পাওনা পরিশোধের জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। অন্যথায়, উক্ত পাওনা আদায়ে আপনার বিরুদ্ধে মানি স্যুট মামলা রুজু করা হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

০৯/০৭/২০২৪

(মোঃ আসাদ উল্লাহ)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

**বর্তমান ঠিকানা:**

জনাব আবু সালেহ মোঃ জাফর
পিতা: জনাব আবদুল খালেক
বাড়ি নং-৩৪/এ, নিউ পল্টন লাইন
আজিমপুর, ঢাকা-১২০৫।

**স্থায়ী ঠিকানা:**

জনাব আবু সালেহ মোঃ জাফর
পিতা: জনাব আবদুল খালেক
গ্রাম: চাদকাঠী, ডাক: কালিশুরী
থানা: বাউফল, জেলা: পটুয়াখালী।

**ই-মেইল**

Shaleh_ripon@yahoo.com

অনুলিপি- সদয় অবগতি প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স, ঢাকা।
২. মহাব্যবস্থাপক........................................................................................বাপেক্স, ঢাকা।
৩. কোম্পানী সচিব, কোম্পানী সচিবালয়, বাপেক্স, ঢাকা।
৪. মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ), বাপেক্স, ঢাকা।
৫. সচিব, প্রভিডেন্ট ফান্ড ট্রাস্ট, বাপেক্স, ঢাকা।
৬. সচিব, বাপেক্স কর্মচারী পেনশন তহবিল ট্রাস্ট, বাপেক্স, ঢাকা।
৭. উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক..........................................................বাপেক্স, ঢাকা।
৮. উপমহাব্যবস্থাপক (আইসিটি ও এমআইএস), পরিকল্পনা ও আইসিটিবিভাগ (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ সহকারে)।
৯. ব্যবস্থাপক (পেনশন ও ছুটি), সাধারণ প্রশাসন উপবিভাগ, বাপেক্স, ঢাকা।
১০. ব্যবস্থাপক (নিয়োগ ও পদোন্নতি), সাধারণ প্রশাসন উপবিভাগ, বাপেক্স, ঢাকা।
১১. ব্যক্তিগত নথি।
১২. অফিস কপি।